

## ذوالجلال والاکرام

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৮৫ তম নাম ‘ذوالجلال والاکرام’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘ذوالجلال والاکرام’ এর দুটি শব্দ جلال এর মূল ل - ل - ج , পবিত্র কোরআন মাজিদে ২ বার এসেছে এবং অক্রাম এর মূল ك - ر - م , দ্বারা গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪৭ বার এসেছে। আল্লাহ ذوالجلال والاکرام অর্থ: ‘তিনি অতীব মর্যাদাবান এবং সম্মানিত’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

تَبَارَكَ اسْمُ رَبِّكَ ذِي الْجَلَالِ وَالْإِكْرَامِ ﴿٧٨﴾

অতিশয় ধন্য পবিত্র মহান তোমার প্রভুর নাম, যিনি অতীব মর্যাদাবান এবং সম্মানিত। (সূরা আর রহমান: আয়াত নং ৭৮)

وَيَبْقَى وَجْهُ رَبِّكَ ذُو الْجَلَالِ وَالْإِكْرَامِ ﴿٢٧﴾

বাকি থাকবে কেবল তোমার মহামর্যাদাবান, সম্মানিত প্রভুর মুখমণ্ডল (সত্তা)। (সূরা আর রহমান: আয়াত নং ২৭)

**রাসুল সাঃ দোয়া করতেন: মুসলিম শরীফের হাদীস:**

- اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ، وَمِنْكَ السَّلَامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ -

হে আল্লাহ, তুমি শান্তিদাতা, তোমার থেকেই শান্তি। পবিত্র মহান তুমি অতীব মর্যাদাবান, সম্মানিত।

**তিরমিজি শরীফের হাদীস:**

যারা উদার তারা আল্লাহর নিকটবর্তী, মানুষের নিকটবর্তী এবং জাহান্নাম থেকে দূরে।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা আসুন অতীব মর্যাদাবান, সম্মানিত আল্লাহর নিরঙ্কুশ ইবাদত আমরা করি। ইবাদত তাঁর ও রাসুল সাঃ নির্ধারিত পন্থা ছাড়া অন্য কোন পন্থায় না করি। তাঁর ও রাসুল সাঃ এর নির্ধারিত পন্থা পবিত্র কুরআন ও সহীহ হাদীসে বিশদ ভাবে বর্ণনা করা হয়েছে। আমরা কুরআন ও সহীহ হাদীসকে আঁকড়ে থাকি, শিরক না করি। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকাতুহ।